বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি)
কৃষি ভবন
৪৯-৫১, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা ১০০০।
(সমন্বয় বিভাগ)
www.badc.gov.bd

স্মারক নং- ১২.০৬.০০০০.২০৯.২৩.০০৭.১৭-৩৬৫

তারিখ: ২৩ অগ্রহায়ণ ১৪২৬ বঙ্গাব্দ।
০৮ ডিসেম্বর ২০১৯ খ্রিস্টাব্দ।

**বিষয়ঃ মুজিব বর্ষ (২০২০) উপলক্ষ্যে সংস্থার বিস্তারিত কর্মপরিকল্পনা গ্রহণ ও পরিচ্ছন্ন বাংলাদেশ গড়ে তোলার লক্ষ্যে 'পরিচ্ছন্ন গ্রাম-পরিচ্ছন্ন শহর' কার্যক্রমের আওতায় সংস্থার কর্মপরিকল্পনা নির্ধারণ সভার কার্যবিবরণী প্রেরণ প্রসংগে।**

বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন এর সম্মেলন কক্ষে মুজিব বর্ষ (২০২০) উপলক্ষ্যে সংস্থার বিস্তারিত কর্মপরিকল্পনা গ্রহণ ও পরিচ্ছন্ন বাংলাদেশ গড়ে তোলার লক্ষ্যে 'পরিচ্ছন্ন গ্রাম-পরিচ্ছন্ন শহর' কার্যক্রমের আওতায় সংস্থার কর্মপরিকল্পনা নির্ধারণ সংক্রান্ত সভা বিগত ২৭ নভেম্বর ২০১৯ তারিখ অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

০৮.১২.১৯

মোঃ শাহিন মিয়া
উপপরিচালক
সমন্বয় বিভাগ, বিএডিসি, ঢাকা।
ফোনঃ ৯৫৬৮১১৫।
e-mail: ds_coordination@badc.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১. মহাব্যবস্থাপক (বীজ/সার ব্যবস্থাপনা/উদ্যান উন্নয়ন/এএসসি/পাটবীজ/অর্থ/ক্রয়/তদন্ত),বিএডিসি, ঢাকা।
০২. প্রধান প্রকৌশলী (ক্ষুদ্রসেচ/সংরক্ষণ ও কারখানা/নির্মাণ), বিএডিসি, ঢাকা।
০৩. প্রধান (পরিকল্পনা/মনিটরিং) বিএডিসি, ঢাকা।
০৪. হিসাব নিয়ন্ত্রক/নিয়ন্ত্রক (অডিট), বিএডিসি, ঢাকা।
০৫. অতিরিক্ত মহাব্যবস্থাপক (আলু বীজ/কঃগ্রোঃ/বীপ্রস/খামার/বীবি), বিএডিসি, ঢাকা।
০৬. যুগ্মপরিচালক (সংস্থাপন/নিয়োগ ও কল্যাণ/সংগঠন ও ব্যবস্থাপনা/সাধারণ পরিচর্যা), বিএডিসি, ঢাকা।
০৭. যুগ্মপরিচালক (ডাল ও তৈলবীজ/সবজি বীজ),বিএডিসি, ঢাকা।
০৮. জনসংযোগ কর্মকর্তা,বিএডিসি, ঢাকা।
০৯. প্রধান চিকিৎসক, বিএডিসি, ঢাকা।
১০. উপপ্রধান প্রকৌশলী (জরিপ ও অনুসন্ধান/মিশ্র),বিএডিসি, ঢাকা।
১১. উপপরিচালক (আইন), বিএডিসি, ঢাকা।
১২. কম্পিউটার প্রোগ্রামার,আইসিটি সেল, মনিটরিং বিভাগ, বিএডিসি, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
১৩. সভাপতি/সাধারণ সম্পাদক, বিএডিসি শ্রমিক কর্মচারী লীগ, রেজি নং-১৯০৩, সিবিএ, কৃষি ভবন, ঢাকা।
১৪. .........................................................

**সদয় অবগতির জন্য অনুলিপিঃ**

০১. উপসচিব, প্রশাসন-১ শাখা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বিএডিসি, ঢাকা।
০৩. সদস্য পরিচালক (সার ব্যবস্থাপনা/বীজ ও উদ্যান/অর্থ/ক্ষুদ্রসেচ )মহোদয়ের সহকারী ব্যক্তিগত কর্মকর্তা, বিএডিসি, ঢাকা।
০৪. সচিব মহোদয়ের সহকারী ব্যক্তিগত কর্মকর্তা, বিএডিসি, ঢাকা।
০৫. অফিস কপি।

#

## বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি)
**কৃষি ভবন**
৪৯-৫১, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা ১০০০।
(সমন্বয় বিভাগ)
www.badc.gov.bd

**মুজিব বর্ষ (২০২০) উপলক্ষ্যে সংস্থার বিস্তারিত কর্মপরিকল্পনা গ্রহণ ও পরিচ্ছন্ন বাংলাদেশ গড়ে তোলার লক্ষ্যে 'পরিচ্ছন্ন গ্রাম-পরিচ্ছন্ন শহর' কার্যক্রমের আওতায় সংস্থার কর্মপরিকল্পনা নির্ধারণ সভার কার্যবিবরণীঃ**

সভাপতি : জনাব মোঃ সায়েদুল ইসলাম, চেয়ারম্যান, বিএডিসি।
তারিখ ও সময় : ২৭ নভেম্বর ২০১৯; দুপুর ১২:০০ ঘটিকা।
স্থান : সংস্থার সম্মেলন কক্ষ।
উপস্থিতি : পরিশিষ্ট - ক ।

সভার প্রারম্ভে সভাপতি স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করেন এবং উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী যথাযথ মর্যাদায় উদযাপন উপলক্ষ্যে বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি) কর্তৃক কর্মপরিকল্পনা নির্ধারণ বিষয়ে আলোচনার সূত্রপাত করেন। সভাপতি সভায় জানান যে, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী যথাযথ মর্যাদায় উদযাপনের লক্ষ্যে সরকার 'জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন জাতীয় কমিটি' এবং 'জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন জাতীয় বাস্তবায়ন কমিটি' গঠন করেছে। মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা জাতীয় কমিটির সভাপতি। সভাপতি সভাকে অবগত করেন যে, আগামী ১৭ মার্চ ২০২০ হতে ১৭ মার্চ ২০২১ পর্যন্ত বছরব্যাপী জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন করা হবে। সে আলোকে বিএডিসি কর্তৃক সময়াবদ্ধ এবং সমন্বিত একটি কর্মপরিকল্পনা প্রণয়ন করা প্রয়োজন।

০২. সভায় সংস্থার সচিব মহোদয় জানান যে, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী যথাযথ মর্যাদায় উদযাপন উপলক্ষ্যে সংস্থার কর্মপরিকর্পনা নির্ধারণের নিমিত্ত সদস্য পরিচালক (ক্ষুদ্রসেচ) মহোদয়ের সভাপতিত্বে বিগত ২২ জুলাই ২০১৯ তারিখে একটি সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন এর নিমিত্ত সংস্থার প্রাথমিক কর্মপরিকল্পনা নির্ধারণ করা হয়। সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে উপপরিচালক (সমন্বয়) বিএডিসি কর্তৃক গৃহীত প্রাথমিক কর্মপরিকল্পনা ও মুজিব বর্ষ (২০২০) উপলক্ষ্যে পরিচ্ছন্ন বাংলাদেশ গড়ে তোলার লক্ষ্যে 'পরিচ্ছন্ন গ্রাম-পরিচ্ছন্ন শহর' কার্যক্রমের আওতায় সংস্থার প্রস্তাবিত কর্মপরিকল্পনা উপস্থাপন করেন।

০৩. বিস্তারিত আলোচনার পর জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী যথাযথ মর্যাদায় উদযাপন এবং মুজিব বর্ষ (২০২০) উপলক্ষ্যে পরিচ্ছন্ন বাংলাদেশ গড়ে তোলার লক্ষ্যে 'পরিচ্ছন্ন গ্রাম-পরিচ্ছন্ন শহর' কার্যক্রমের আওতায় বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি) কর্তৃক নিম্নবর্ণিত কর্মপরিকল্পনা গৃহীত হয়ঃ

| ক্রঃ নং | বিএডিসি কর্তৃক গৃহীত কর্মপরিকল্পনা | বাস্তবায়নকারী বিভাগ/কমিটি |
|---|---|---|
| ০১. | বঙ্গবন্ধু কৃষি উৎসবে বিএডিসি'র সদর দপ্তর ও মাঠ পর্যায়ের সর্বস্তরের কর্মকর্তা/কর্মচারীদের র‍্যালীসহ স্বতঃস্ফূর্ত অংশ গ্রহণ করা । | ০১. সকল বিভাগ/দপ্তর (সদর দপ্তর)<br>০২. সকল অফিস/দপ্তর (মাঠ পর্যায়) |

| ক্রঃ নং | বিএডিসি কর্তৃক গৃহীত কর্মপরিকল্পনা | বাস্তবায়নকারী বিভাগ/কমিটি |
|---|---|---|
| ০২. | বিএডিসি'র গ্রন্থাগারে বঙ্গবন্ধু চত্বর বা কর্ণারে বঙ্গবন্ধুর কৃষি সংক্রান্ত নির্দেশনা/বক্তব্য প্রদর্শনের নিমিত্ত মহাব্যবস্থাপক (উদ্যান) কে আহবায়ক, মহাব্যবস্থাপক (বীজ), মহাব্যবস্থাপক (ক্রয়), প্রধান প্রকৌশলী (সওকা), যুগ্মপরিচালক (সাধারণ পরিচর্যা), (সভাপতি ও সাধারণ সম্পাদক, বিএডিসি শ্রমিক কর্মচারী লীগ, সিবিএ)কে সদস্য এবং জনসংযোগ কর্মকর্তাকে সদস্য সচিব করে একটি কমিটি গঠন করা হলো। কমিটি প্রয়োজনীয় সদস্য কো-অপ্ট করতে পারবে। উক্ত কমিটি একটি পরিকল্পনা/ডিজাইন প্রস্তুত করবেন। | ০১. সংশ্লিষ্ট কমিটি।<br>০২. সংগঠন ও ব্যবস্থাপনা বিভাগ।<br>০৩. জনসংযোগ কর্মকর্তা। |
| ০৩. | বিএডিসি'র চলমান গবেষণাসমূহের একটি সংকলন প্রকাশ করা। | গবেষণা সেল, বিএডিসি। |
| ০৪. | সর্বোচ্চ বীজ উৎপাদনকারী (খামার ও চুক্তিবদ্ধ চাষী), বীজ বিতরণকারী (কর্মকর্তা ও ডিলার), সার বিতরণকারী (কর্মকর্তা ও ডিলার) এবং দক্ষ সেচ ব্যবস্থাপককে পুরস্কার প্রদান করা। সংশ্লিষ্ট বিষয়ে পুরস্কার প্রদানের নিমিত্ত মহাব্যবস্থাপক (বীজ)কে আহবায়ক, মহাব্যবস্থাপক (সার), মহাব্যবস্থাপক (উদ্যান) এবং প্রধান প্রকৌশলী (ক্ষুদ্রসেচ), (সভাপতি ও সাধারণ সম্পাদক, বিএডিসি শ্রমিক কর্মচারী লীগ, সিবিএ)কে সদস্য করে একটি কমিটি গঠন করা হলো। কমিটি প্রয়োজনীয় সদস্য কো-অপ্ট করতে পারবে। উক্ত কমিটি পুরস্কারের মানদন্ড নিরুপণপূর্বক প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবেন এবং পুরস্কার প্রদানের বিষয়টি মাঠ পর্যায়ে আগের থেকেই প্রচার করবেন। | ০১. সংশ্লিষ্ট কমিটি।<br>০২. সংগঠন ও ব্যবস্থাপনা বিভাগ। |
| ০৫. | বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকী উপলক্ষ্যে কোটপিন প্রস্তুত করে বিএডিসি'র সর্বস্তরের কর্মকর্তা/কর্মচারীদের পরিধান করা। | সাধারণ পরিচর্যা বিভাগ। |
| ০৬. | বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকী উপলক্ষ্যে কৃষি সমাচারে বিশেষ সংখ্যা প্রকাশ করা। সে উপলক্ষ্যে আগ্রহীদের নিকট থেকে লেখা সংগ্রহ করা। | ০১. সংশ্লিষ্ট উইং/বিভাগ।<br>০২. জনসংযোগ বিভাগ। |
| ০৭. | বঙ্গবন্ধুর কৃষি ভাবনা সম্পর্কিত ও বিএডিসি'র সাফল্যের ওপর ব্যানার, ফেস্টুন, লিফলেট পোষ্টার বিভিন্ন স্থানে স্থাপন এবং কৃষি মেলা/কৃষি উৎসবে বিতরণ করা। বঙ্গবন্ধুর কৃষি ভাবনা সম্পর্কিত ও বিএডিসি'র সাফল্যের ওপর ব্যানার, ফেস্টুন, লিফলেট পোষ্টার প্রণয়নের নিমিত্ত মহাব্যবস্থাপক (পাট বীজ)কে আহবায়ক, উপপ্রধান প্রকৌশলী (সওকা)-২, (সভাপতি ও সাধারণ সম্পাদক, বিএডিসি শ্রমিক কর্মচারী লীগ, সিবিএ)কে সদস্য এবং জনসংযোগ কর্মকর্তাকে সদস্য সচিব করে একটি কমিটি গঠন করা হলো। কমিটি প্রয়োজনীয় সদস্য কো-অপ্ট করতে পারবে। উক্ত কমিটি সকল উইং হতে বিএডিসি'র সাফল্য/অর্জনসমূহ সংগ্রহপূর্বক প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবেন। | ০১. সংশ্লিষ্ট উইং।<br>০২. জনসংযোগ বিভাগ।<br>০৩. সংগঠন ও ব্যবস্থাপনা বিভাগ। |
| ০৮. | বঙ্গবন্ধুর কৃষি বিষয়ক বাণী/ ডিজিটাল ডিসপ্লে বোর্ডে সারা বছরব্যাপী প্রচার করা। | ০১. জনসংযোগ বিভাগ।<br>০২. নির্মাণ বিভাগ। |
| ০৯. | বঙ্গবন্ধুর কৃষি ভাবনা বিষয়ে বিএডিসি'র কর্মকতা/কর্মচারীদের সন্তান ও বিএডিসি'র আওতাধীন স্কুলসমূহের ছাত্র/ছাত্রীদের মাঝে রচনা প্রতিযোগিতার আয়োজন করা। | ০১. নিয়োগ ও কল্যাণ বিভাগ।<br>০২. সাধারণ পরিচর্যা বিভাগ। |

| ক্রঃ নং | বিএডিসি কর্তৃক গৃহীত কর্মপরিকল্পনা | বাস্তবায়নকারী বিভাগ/কমিটি |
|---|---|---|
| ১০. | "কৃষি বিষয়ে বঙ্গবন্ধুর ভাবনা" ও কৃষি ক্ষেত্রে বিএডিসি'র সাফল্য বা অর্জন বিষয়গুলো অন্তর্ভুক্ত করে গম্ভীরা/জারীগান পরিবেশন করা। | ০১. সংশ্লিষ্ট উইং<br>০২. উদ্যান উন্নয়ন বিভাগ। |
| ১১. | কৃষি ক্ষেত্রে বিএডিসি'র সাফল্য বা অর্জন বিষয়গুলো অন্তর্ভুক্ত করে একটি ডকুমেন্টারি প্রস্তুত করা। | ০১. সকল উইং/বিভাগ।<br>০২. জনসংযোগ বিভাগ। |
| ১২. | বিএডিসি'র সেচভবনে সেবা সপ্তাহ পালন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা। | ০১. সংশ্লিষ্ট উইং।<br>০২. সাধারণ পরিচর্যা বিভাগ। |
| ১৩. | বিএডিসি কর্তৃক বৃক্ষরোপণ কর্মসূচি পালন করার জন্য একটি কর্মপরিকল্পনা প্রণয়ন করা। | ০১. উদ্যান উন্নয়ন বিভাগ।<br>০২. এএসসি বিভাগ।<br>০৩. খামার বিভাগ। |
| ১৪. | মুজিব বর্ষ (২০২০) উপলক্ষ্যে সারা বছরের জন্য মাসভিত্তিক সময়াবদ্ধ কর্মপরিকল্পনা গ্রহণ করা। | সকল উইং/বিভাগ। |
| ১৫. | বঙ্গবন্ধু যে তারিখে বিএডিসিতে এসেছিলেন সে তারিখ হতে সেবা সপ্তাহ পালন করা। | ০১. বীজ ও উদ্যান উইং।<br>০২. সার ব্যবস্থাপনা উইং।<br>০৩. ক্ষুদ্রসেচ উইং। |
| ১৬. | বিএডিসিতে কর্মরত/অবসরপ্রাপ্ত মুক্তিযোদ্ধা কর্মকর্তা/কর্মচারীদের সংবর্ধনা অনুষ্ঠানের আয়োজন করা। | ০১. জনসংযোগ বিভাগ।<br>০২. নিয়োগ ও কল্যাণ বিভাগ।<br>০৩. সাধারণ পরিচর্যা বিভাগ। |
| ১৭. | বিএডিসি কর্তৃক খননকৃত খালের পাড়ে নারিকেল/তাল গাছ লাগানোর কার্যক্রম গ্রহণ করা। | ০১. ক্ষুদ্রসেচ বিভাগ।<br>০২. সওকা বিভাগ ।<br>০৩. উদ্যান উন্নয়ন বিভাগ।<br>০৪. এএসসি বিভাগ। |
| ১৮. | বিএডিসি'র আওতাধীন গভীর নলকূপ/সেচ পাম্প ও সোলার পাম্প এপসের মাধ্যমে চালু করা। | ০১. ক্ষুদ্রসেচ বিভাগ।<br>০২. সওকা বিভাগ ।<br>০৩. নির্মাণ বিভাগ। |
| ১৯. | বিএডিসি কর্তৃক বিনামূল্যে/সাশ্রয়ী মূল্যে বীজ, চারা ও সার বিতরণের কার্যক্রম গ্রহণ করা। | ০১. উদ্যান উন্নয়ন বিভাগ।<br>০২. এএসসি বিভাগ।<br>০৩.সার ব্যবস্থাপনা বিভাগ।<br>০৪. বীজ বিতরণ বিভাগ। |
| ২০. | বিএডিসি কর্তৃক ভ্রাম্যমান ট্রাক/ভ্যানের মাধ্যমে সারা দেশে বীজ বিতরণের কার্যক্রম গ্রহণ করা। | বীজ বিতরণ বিভাগ। |
| ২১. | বিএডিসি'র আওতাধীন মাঠ পর্যায়ের অফিসসমূহ কর্তৃক জেলা ভিত্তিক কর্মসূচি গ্রহণ করা। | সকল অফিস প্রধান (মাঠ পর্যায়) |
| ২২. | কৃষি ভবনে এবং বিএডিসি'র আওতাধীন মাঠ পর্যায়ের অফিস সমূহে অনুষ্ঠানের আয়োজন করা। | ০১. সকল বিভাগ/দপ্তর।<br>০২. সকল অফিস প্রধান (মাঠ পর্যায়) |
| ২৩. | বঙ্গবন্ধুর কৃষি বিষয়ক বক্তব্য/ডকুমেন্ট এবং মাননীয় প্রধানমন্ত্রীর বাণী/ডকুমেন্টসমূহ সংগ্রহ করা। | ০১. উদ্যান উন্নয়ন বিভাগ।<br>০২. জনসংযোগ বিভাগ। |

| ক্রঃ নং | বিএডিসি কর্তৃক গৃহীত কর্মপরিকল্পনা | বাস্তবায়নকারী বিভাগ/কমিটি |
|---|---|---|
| ২৪. | বিএডিসি'র আওতাধীন সকল অফিসসমূহে একই ডিজাইন/আকৃতির ব্যানার/সাইনবোর্ড স্থাপন করা। | সকল অফিস প্রধান । |
| ২৫. | বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকী উপলক্ষ্যে ফুটবল/ক্রিকেট/ভলিবল/কাবাডিসহ অন্যান্য স্থানীয় জনপ্রিয় খেলাধুলার আয়োজন করা যেতে পারে। | ০১. সকল বিভাগ/দপ্তর (সদর দপ্তর)<br>০২. সকল অফিস/দপ্তর (মাঠ পর্যায়) |
| **মুজিব বর্ষ (২০২০) উপলক্ষ্যে পরিচ্ছন্ন গ্রাম-পরিচ্ছন্ন শহর' কার্যক্রমের আওতায় সংস্থার কর্মপরিকল্পনাঃ** | | |
| ২৬. | মুজিব বর্ষ (২০২০) উপলক্ষ্যে বিএডিসি'র আওতাধীন সদর দপ্তর ও মাঠ পর্যায়ের সকল অফিস/দপ্তর পরিস্কার –পরিচ্ছন্ন করা । | ০১. সাধারণ পরিচর্যা বিভাগ ।<br>০২. সকল বিভাগ/দপ্তর প্রধান<br>০৩. সকল অফিস/দপ্তর প্রধান (মাঠ পর্যায়) |
| ২৭. | বিএডিসি'র আওতাধীন সকল খামার, উদ্যান উন্নয়ন কেন্দ্র, এগ্রো-সার্ভিস সেন্টর, বীজ গুদাম, সার গুদাম, হিমাগার, বীজ প্রক্রিয়াজাতকরণ কেন্দ্র, ক্ষুদ্রসেচ স্টোরসমূহ পরিস্কার- পরিচ্ছন্ন করা । | সংশ্লিষ্ট অফিস প্রধান (সকল) । |
| ২৮. | বিএডিসি'র আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠান, মসজিদ, বাসভবন, স্টাফ কোয়ার্টার, যানবাহন ও গ্যারেজসমূহ পরিস্কার-পরিচ্ছন্ন করা । | ০১. সাধারণ পরিচর্যা বিভাগ ।<br>০২. নিয়োগ ও কল্যাণ বিভাগ ।<br>০৩. সংশ্লিষ্ট অফিস প্রধান (সকল) |
| ২৯. | বিএডিসি'র আওতাধীন সকল মেশিনারি, যন্ত্রপাতি, নথিপত্র ও আসবাবপত্রসমূহ পরিস্কার-পরিচ্ছন্ন করা । | সংশ্লিষ্ট অফিস প্রধান (সকল) । |
| ৩০. | বিএডিসি'র আওতাধীন গভীর নলকূপ ও অন্যান্য সেচ অবকাঠামোসমূহ পরিস্কার-পরিচ্ছন্ন করা । | সংশ্লিষ্ট অফিস প্রধান (সকল) । |
| ৩১. | বিএডিসি'র আওতাধীন সকল স্থাপনাসমূহে নতুন সাইনবোর্ড স্থাপন করা । | সংশ্লিষ্ট অফিস প্রধান (সকল) । |
| ৩২. | মুজিব বর্ষ হিসেবে কৃষি থিম সং এর শ্লোগান প্রণয়ন করা । | জনসংযোগ কর্মকর্তা । |

০৪. জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী/মুজিব বর্ষ (২০২০) উপলক্ষ্যে পরিচ্ছন্ন গ্রাম-পরিচ্ছন্ন শহর' কার্যক্রমের আওতায় সংস্থার বছরব্যাপী সময়াবদ্ধ কর্মপরিকল্পনা প্রণয়নের নিমিত্ত নিম্নোক্তভাবে একটি কমিটি গঠন করা হলোঃ

| ক্রঃ নং | পদবি | মন্তব্য |
|---|---|---|
| ০১. | চেয়ারম্যান, বিএডিসি । | উপদেষ্টা |
| ০২. | সদস্য পরিচালক (বীজ ও উদ্যান), বিএডিসি । | আহবায়ক |
| ০৩. | সকল মহাব্যবস্থাপক/সমপর্যায় কর্মকর্তা, বিএডিসি । | সদস্য |
| ০৪. | সভাপতি/সাধারণ সম্পাদক, বিএডিসি শ্রমিক কর্মচারী লীগ, সিবিএ। | সদস্য |
| ০৫. | সভাপতি/সাধারণ সম্পাদক, সকল পেশাজীবী সংগঠন, বিএডিসি । | সদস্য |
| ০৬. | সচিব, বিএডিসি। | সদস্য-সচিব। |

০৫. মুজিব বর্ষ (২০২০) উদযাপন উপলক্ষ্যে সংস্থার সকল বিভাগীয় প্রধানকে আবশ্যিকভাবে আগামী ০৫ ডিসেম্বর ২০১৯ তারিখের মধ্যে সমন্বয় বিভাগে আইডিয়া প্রেরণ করার বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা হলো।

০৬. জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী/মুজিব বর্ষ (২০২০) উপলক্ষ্যে সংশ্লিষ্ট বিভাগের চাহিদার পরিপ্রেক্ষিতে প্রয়োজনীয় অর্থ, অর্থ বিভাগ কর্তৃক বরাদ্দ করার বিষয়ে সভায় সিদ্ধান্ত গ্রহণ করা হলো।

০৭. সভাপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী যথাযথ মর্যাদায় উদযাপন উপলক্ষ্যে বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি) কর্তৃক গৃহীত কর্মপরিকল্পনা যথাযথ ভাবে বাস্তবায়নের জন্য বিএডিসি'র সর্বস্তরের কর্মকর্তা/কর্মচারী ও সকল পেশাজীবি সংগঠনকে অনুরোধ জানান।

০৮. সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ সায়েদুল ইসলাম)
চেয়ারম্যান, বিএডিসি
ও
সভাপতি
জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদযাপন কমিটি।